



# কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ফ্যাক্স: ০৮১-৭০০৩৫, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্র.বি/২০০৯/৪৯৩

তারিখ: ২৩/০৯/২০২৪ খ্রি.

## প্রেস বিজ্ঞপ্তি

### প্রো-ভাইস চ্যান্সেলর হিসেবে যোগদান করলেন অধ্যাপক ড. মাসুদা কামাল

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর হিসেবে একই বিশ্ববিদ্যালয়ের লোক প্রশাসন বিভাগের অধ্যাপক ড. মাসুদা কামাল আজ সোমবার (২৩ সেপ্টেম্বর ২০২৪ খ্রি.) সকাল ৯.০০ ঘটিকায় যোগদান করেছেন। কুমিল্লা বিশ্ববিদ্যালয় (সংশোধন) আইন, ২০১৩ এর ১১ক (১) ধারা অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি এবং বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর চার বছরের জন্য তাঁকে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে প্রো-ভাইস চ্যান্সেলর হিসেবে নিয়োগ দিয়েছেন।

যোগদান শেষে তিনি প্রশাসনিক ভবনস্থ সম্মেলন কক্ষে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী, শিক্ষার্থী ও ছাত্র সমন্বয়ক, সাংবাদিক সমিতি ও প্রেস ক্লাবের সাথে মতবিনিময় করেন।

নবনিযুক্ত মাননীয় প্রো-ভাইস চ্যান্সেলর বলেন, কুমিল্লা বিশ্ববিদ্যালয়কে একটি মানসম্মত বিশ্ববিদ্যালয়ে পরিণত করতে সকলের সহযোগিতা প্রত্যাশা করছি। কেননা এটি একটি সমন্বিত প্রচেষ্টা। আমরা একে অন্যের পরিপূরক। সততা, নিয়মানুবর্তিতা এবং দায়িত্ববোধ থেকে আমরা বুদ্ধি ও বিবেকের সাথে সমন্বিতভাবে কাজ করে বিশ্ববিদ্যালয়কে সামনের দিকে এগিয়ে নিয়ে যাবো।

অধ্যাপক ড. মাসুদা কামাল ঢাকা জেলার উস্কাতন গার্ডেনে একটি সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় লোক প্রশাসন বিভাগ থেকে বিএসএস, এমএসএস এবং পিএইচডি ডিগ্রি অর্জন করেন। তিনি ইসলামিক বিশ্ববিদ্যালয় থেকে এমফিল ডিগ্রি লাভ করেন। তিনি এর আগে বিভাগের চেয়ারম্যান হিসেবে প্রায় ১২ বছর, ভর্তি পরীক্ষা কমিটির আহ্বায়ক, নবাব ফয়জুল্লাহ চৌধুরাণী হলের প্রভোস্ট ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডিনসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে দায়িত্ব পালন করেছেন। তিনি কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের লোক প্রশাসন বিভাগের প্রতিষ্ঠাকালীন চেয়ারম্যান ছিলেন। বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক সেমিনার, সম্মেলন এবং নেটওয়ার্কিং আয়োজন ও পরিচালনায় তাঁর অভিজ্ঞতা রয়েছে। এছাড়াও দেশী বিদেশী বিভিন্ন জার্নালে তাঁর প্রকাশিত গবেষণা ও বই রয়েছে।

তিনি বিকাল ৫টায় বৈষম্যবিরোধী আন্দোলনে আহত বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ড. কামরুন নাহারের সন্তান কুমিল্লা ইম্পাহানী স্কুল এন্ড কলেজের দশম শ্রেণির ছাত্র মেঘ-কে দেখতে যান।

(মোহাম্মদ এমদাদুল হক)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

কুমিল্লা বিশ্ববিদ্যালয়